67

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 17 MAR 1998 ..
পৃষ্ঠা ৪ কলাম ৭

# বহুমুখী সমস্যার আবর্তে সিলেটের সর্বজনীন প্রাথমিক শিক্ষা ব্যবস্থা

**সালাম মশরুর, সিলেট অফিস ॥** শিক্ষক স্বল্পতা, শিক্ষা উপকরণের অভাবসহ নানা সমস্যার কারণে সিলেটে সর্বজনীন প্রাথমিক শিক্ষা ব্যাহত হচ্ছে। সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগেও অনিয়ম, দুর্নীতির অভিযোগ উঠেছে।

সিলেট জেলায় মোট প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা হচ্ছে ১৪শ'। এর মধ্যে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১ হাজার ৬৯টি। রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১শ' ৭৪টি। এই সকল বিদ্যালয়ে সরকারীভাবে শিক্ষকের পদ রয়েছে ৩ হাজার ৭০৩টি। বর্তমানে ৩শ' ৫১ শিক্ষকের পদ খালি রয়েছে। প্রায় ১শ' প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদটি শূন্য পড়ে আছে। সরকারী নিয়ম অনুযায়ী প্রতিটি বিদ্যালয়ে ৪ শিক্ষক থাকার কথা থাকলেও অধিকাংশ বিদ্যালয়ে ২/৩ শিক্ষক কর্মরত রয়েছেন। গ্রামাঞ্চলের স্কুলগুলোতে নাজুক অবস্থা বিরাজ করছে। অনেক বিদ্যালয়ে ১/২ শিক্ষক চালাচ্ছেন। এছাড়া প্রাথমিক বিদ্যালয়গুলোর অধিকাংশতেই শিক্ষা উপকরণের অভাব, পানি ও শৌচাগার সমস্যা, বিদ্যালয় ভবনের জরাজীর্ণ অবস্থায় শিক্ষা ব্যাহত হচ্ছে।

জেলার প্রাথমিক বিদ্যালয়ের ২৪৩টি সহকারী শিক্ষকের খালি পদের জন্য শিক্ষক নিয়োগের পরীক্ষা নেয়া হলেও এখানে অনিয়মের আশ্রয় নেয়া হয়েছে বলে অভিযোগ উঠেছে। ২৪৩টি শূন্য পদের জন্য ৪ হাজার ৭৪২টি আবেদনপত্র জমা হয়। এই বিপুলসংখ্যক প্রার্থীর মধ্যে মাত্র ১৮ জনকে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ দেখানো হয়। গত ১৬ ফেব্রুয়ারি মৌখিক পরীক্ষায় ১৫ প্রার্থী অংশগ্রহণ করেন। প্রায় ৫ হাজার পরীক্ষার্থীর মধ্যে মাত্র ১৮জন লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার ঘটনাটি রহস্যজনক।